কাথুলি ইউনিয়ন বিএনপি’র দ্বিবার্ষিক নির্বাচন

নির্বাচনী আচরণ ভঙ্গ করে মোটরসাইকেল শোডাউন করে নেতাকর্মীদের ভূরিভোজ করালেন ইউনিয়ন বিএনপি’র সভাপতি পদের প্রার্থী জাফর আকবর।

আজ বৃহস্পতিবার দুপুরে কাথুলি ইউনিয়ন থেকে বিরাট শোডাউন করে গাংনী উপজেলা বিএনপি’র কার্যালয়ে আসেন তিনি। বিএনপি কার্যালয় থেকে মনোনয়ন ফরম উত্তোলন শেষে স্থানীয় একটি হোটেলে ভূরিভোজ করান তিনি। এসময় হোটেলটিতে ব্যাপক ভীড় লক্ষ করা যায়। অন্যান্য খরিদদাররা হোটেলে যায়গা না পেয়ে চলে যান।

এবারের প্রার্থী জাফর আকবর বলেন, নির্বাচন কমিশন আমাকে কোনো কিছুই বলেনি। এটা নির্বাচনী আচরণ বিধিও ভঙ্গ হয়নি।
তবে, কাথুলি ইউনিয়ন বিএনপি’র দ্বিবার্ষিক নির্বাচন কমিশনার জুলফিকার আলী বলেন, চার থেকে পাঁচজন নেতাকর্মী নিয়ে মনোনয়ন ফরম তুলতে আসতে পারে। অনেক নেতাকর্মী নিয়ে মনোনয়ন ফরম নিতে আসলে নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ হয়েছে। বিষয়টি খোঁজ খবর নিয়ে ব্যবস্থা নেয়া হবে।

নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী সাহেব আলী সেন্টু বলেন, শোডাউন করা এবং নেতাকর্মীদের ভোটের আগে ভূরিভোজ করানো অনৈতিকতা। এটা উনি (জাফর আকবর) করতে পারেন না। আমি মনে করি এটা নির্বাচনী বৈষম্য। আমি নির্বাচন কমিশনের কাছে বিষয়টি নিয়ে আইনের আওতায় আনার দাবি জানাচ্ছি।

সভাপতি পদের অপর প্রার্থী ফেরদৌস ওয়াহেদ বেল্টু জানান, নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ করে সে মোটরসাইকেল শোডাউন করেছে জাফর আকবর। ভোটার প্রভাবিত করতেই জাফর আকবর মোটরসাইকেল সোডাউন এবং ভূরিভোজ করেছেন। আমি শুক্রবার নির্বাচন কমিশনের কাছে লিখিত অভিযোগ দেবো।

উল্লেখ্য আগামী ২৮ এপ্রিল গাংনীর কাথুলী ইউনিয়ন বিএনপি’র দ্বিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হবে। কাউন্সিলে সভাপতি পদে ৬ ও সাধারণ সম্পাদক পদে ৫ জন প্রার্থী সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মনোনয়ন ফরম উত্তোলন করেছেন।

মেহেরপুরের মহাজনপুরে ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের ৫ ও ৬ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকাল পাঁচটার সময় মহাজনপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে মহাজনপুর হাটে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সদস্য আলমগীর খান সাতুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান।

মহাজনপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি মফিজুর রহমানের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম ও সদস্য মশিউর রহমান, ওমর ফারুক লিটন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন।

এছাড়াও এসময় জেলা স্বেচ্ছাসেবক দলের রাকিবুল ইসলাম সজল, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট সাইফুল ইসলাম সাহেব, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক রাইহান কবির, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আশরাফুল হক কালু, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, ওমর ফারুকসহ স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সম্মেলনে ৫ নং ওয়ার্ড নতুন কমিটির সভাপতি মাহিদুল বিশ্বাস জালি, সাধারণ সম্পাদক সাজু আহমেদ, ৬ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি আব্দুল হান্নান, সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম রাসেল নির্বাচিত হন।

গাংনীর কাজিপুর ইউনিয়ন বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

স্বচ্ছ ও নিরপেক্ষভাবে নিজ দলীয় নেতা নির্বাচন করলেন গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী। ভোটারদের সরাসরি ভোটে কাজিপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি নির্বাচিত হয়েছেন অবসরপ্রাপ্ত শিক্ষক সাহাবুদ্দিন ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন স্কুল শিক্ষক মাসুদ রানা।

আজ সোমবার দুপুরে হাড়াভাঙ্গা এইচ বি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে আড়ম্বরপূর্ণ পরিবেশে বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে কাজিপুর ইউনিয়নের ৯টি ওয়ার্ড কমিটির সদস্যদের সরাসরি ভোটে তারা নির্বাচিত হন। দ্বি-বার্ষিক সম্মেলনের পূর্বে আয়োজিত বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন।

কাজিপুর ইউনিয়ন সম্মেলন প্রস্তুতি কমিটির সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় বক্তব্য রাখেন জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মোহাম্মদ আব্দুল্লাহ, আব্দুল আওয়াল, আলফাজ উদ্দীন কালু।

এছাড়াও জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলীসহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। জেলা যুবদলের সহ-সভাপতি আব্দাল হকের সঞ্চালনায় সম্মেলনে কাজিপুর ইউনিয়নের ৯ টি ওয়ার্ড কমিটির মোট ৪শ ৫৯ ভোটরের মধ্যে ৪শ ৩২ জন তাদের ভোটাধিকার প্রয়োগ করেন।

ভোট গ্রহণ শেষে সভাপতি পদে কাজিপুর গ্রামের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক সাহাবুদ্দিন ২৬৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি নেতা বেতবাড়িয়া গ্রামের মঞ্জুরুল হক টকি পেয়েছেন ১৬৬ ভোট। অপরদিকে সাধারণ সম্পাদক পদে কাজিপুর গ্রামের মাসুদ রানা ২৭০ ভোট পেয়ে নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কাজিপুর গ্রামের শহিদুল ইসলাম পিন্টু পেয়েছেন ১৫৮ ভোট।

কুষ্টিয়ায় ছাত্রদলের অনন্য উদ্যোগ

কুষ্টিয়ার মিরপুরে চলমান এসএসসি ও সমমান পরীক্ষার শিক্ষার্থী এবং অভিভাবকদের জন্য খাবার সালাইন ও পানিসহ ছায়া যুক্ত বসার স্থানের ব্যবস্থা করেছে ছাত্রদল।

আজ সোমবার সকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলা ও পৌর ছাত্রদলের আয়োজনে মিরপুর পাইলট উচ্চ বিদ্যালয় ও মিরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে খাবার সালাইন, পানি ও ফাস্ট এইড বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন কুষ্টিয়া জেলা ছাত্রদলের সদস্য সচিব খন্দকার তসলিম উদ্দিন নিশাত।

এ সময় কেন্দ্রে পরীক্ষার্থীদের প্রবেশের সময় পানির বোতল ও খাবার স্যালাইন প্রদানসহ শিক্ষার্থীদের অভিভাবকদের বিশ্রাম এর জন্য অস্থায়ী শেড নির্মাণ করে তাদের জন্য খাবার স্যালাইন ও পানির ব্যবস্থা করা হয়।

এব্যাপারে কুষ্টিয়া জেলা ছাত্রদলের সদস্য সচিব খন্দকার তসলিম উদ্দিন নিশাত বলেন, বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও ছাত্রদলের সাংগঠনিক অভিভাবক তারেক রহমানের নির্দেশনায় এসএসসি ও সমমানের পরীক্ষার্থীদের জন্য মিরপুর উপজেলা ও পৌর ছাত্রদলের আয়োজনে আমরা সেবা কেন্দ্র চালু করেছি। উক্ত সেবা কেন্দ্রে শিক্ষার্থীদের অভিভাবকগণ বিশ্রাম গ্রহণ করতে পারবেন এবং সেখানে তারা বিনামূল্যে খাবার স্যালাইন ও পানি খেতে পারবেন। এছাড়াও শিক্ষার্থীদের জন্যও আমরা খাবার স্যালাইন ও পানির ব্যবস্থা করেছি।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মিরপুর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আতিকুর রহমান তুষার, সদস্য সচিব সাব্বির আহমেদ, পৌর ছাত্রদলের সদস্য সচিব মনিরুজ্জামান, যুগ্ম আহ্বায়ক রানা আহমেদ প্রমুখ।

পারভেজ হত্যার দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে দর্শনায় ছাত্রদলের মানববন্ধন

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শাখা ছাত্রদলের ১২৩ ব্যাচের টেক্সটাইল বিভাগের মেধাবী শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজকে নৃশংস হত্যার প্রতিবাদে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বেলা ১১ টার দিকে দর্শনা সরকারী কলেজ শহীদ মিনার চত্তরে মোফাজ্জল হোসেন মোফা’র সভাপতিত্বে মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ মানববন্ধনে বক্তব্য রাখেন কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহমেদ, যুগ্ন আহ্বায়ক সাফায়েত জামিল পাপ্পু, আসিফ হাসান, রাজু আহমেদ, রাকিবুল হাসান রিফাত, আমিন হাসান, মুশফিকুর রহমান, সাইফ, আব্দুল হাই, নাফিস ইকবাল, নিশান, এছাড়া জেলা ছাত্রদলের সহ-সভাপতি মোরশেদুর রহমান লিংকন, যুগ্ন সম্পাদক আলতাফ হোসেন, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আব্দুল মুকিত ও হাসিবুল হাসান শান্ত এবং দর্শনা থানা ছাত্রদলের যুগ্ন আহ্বায়ক সামাউল হাসান, সাহেদ ইসলাম সুজন ও দর্শনা ডি এস মাদ্রাসা ছাত্রদলের সভাপতি শাহাব আহম্মেদ প্রমুখ।

এ সময় বক্তরা ছাত্রলীগ ও বৈষম্য বিরোধী ছাত্রদের হত্যার দায়ী করেন। এবং পারভেজ হত্যা কারি ও সন্ত্রাসীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতের দাবি করেন। বক্তরা আরও বলেন পারভেজ কলেজ চত্তরের পাশে বসে ছিল, পাশ থেকে দুইটা মেয়েকে দেখে হাসে। পরে সে মেয়েটি তার বয় ফ্রেন্ডকে খবর দিলে তারা ৭-৮ জন এসে বুকে ছুরি দিয়ে আঘাত করে নৃশংস ভাবে খুন করে। এমন জঘন্যতম খুনের ঘটনায় তাদের গ্রেফতার ও শাস্তির দাবি করেন এ মানববন্ধনে।

১৬ বছর পর গাংনীর রাইপুর ইউনিয়ন বিএনপির কাউন্সিল

দীর্ঘ ১৬ বছর পর বিপুল উৎসাহ, উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে মেহেরপুরের গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন বিএনপির দ্বিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২০ এপ্রিল) দুপুরে রাইপুর ইউনিয়নের কেএবি মাধ্যমিক বিদ্যালয় মাঠে এই কাউন্সিল অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাধারণ সম্পাদক পদে মোট ৪৫৯ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করেন রবিউল ইসলাম, হাফিজুর রহমান ও হাসিবুল ইসলাম। সাধারণ সম্পাদক পদে প্রার্থী ছিলেন খলিলুর রহমান ও জাফর আলী।

কাউন্সিল শুরুর আগে আয়োজিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

আয়োজক কমিটির সদস্য আব্দুল আওয়ালের সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য আলমগীর খান সাতু, আমিরুল ইসলাম, কাজী মিজান মেনন, গাংনী উপজেলা বিএনপির সাবেক সভাপতি রেজাউল হক, জেলা আহ্বায়ক কমিটির সদস্য মোহাম্মদ আব্দুল্লাহ, আখেরুজ্জামান, আলফাজ উদ্দিন কালু, গাংনী পৌর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি ও পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ইনসারুল হক ইনসু এবং জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলী।

জনসভা পরিচালনা করেন জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি ও নির্বাচন পরিচালনা কমিটির সদস্য আব্দাল হক।

সমাবেশ ও ভোটগ্রহণ ঘিরে স্থানীয় নেতাকর্মীদের মাঝে বিপুল উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে। গণতান্ত্রিক প্রক্রিয়ায় নেতা নির্বাচনের এমন উদ্যোগে সন্তোষ প্রকাশ করেছেন স্থানীয় বিএনপি নেতাকর্মীরা।

আগামীকাল সোমবার গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন বিএনপির কাউন্সিল

অনুষ্ঠিত হবে।

জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন বলেন, “দেশব্যাপী তৃণমূলের মেয়াদোত্তীর্ণ কমিটিগুলো পুনর্গঠনের অংশ হিসেবে প্রাথমিকভাবে গাংনী উপজেলার ৯টি ইউনিয়ন ও একটি পৌর ইউনিটে দ্বিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হচ্ছে। স্বচ্ছ ও গণতান্ত্রিক প্রক্রিয়ার মাধ্যমে এসব ইউনিটের নেতৃত্ব নির্বাচন করা হবে। এর লক্ষ্যে বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীদের নিয়ে কাউন্সিল আয়োজন কমিটি গঠন করা হয়েছে।”

মেহেরপুরে স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কমিটির পরিচিতি ও মতবিনিময় সভা

মেহেরপুরে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কমিটির পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দুপুর ২টার সময় মেহেরপুর জেলা বিএনপি’র কার্যালয়ে এই পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টুর সভাপতিত্বে ও সদস্য সচিব শহিদুল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মাহফুজুর রহমান মাহফুজ, যুগ্ম আহ্বায়ক মোস্তাফিজুর রহমান সজীব, রাকিবুল ইসলাম সজল, ইলিয়াস হোসেনসহ আহ্বায়ক কমিটির সকল সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে এডভোকেট কামরুল হাসান বলেন, “বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি রাষ্ট্র সংস্কারের যে ৩১ দফা কর্মসূচি

দিয়েছে, তা বাস্তবায়নের লক্ষ্যে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি। দেশনায়ক তারেক রহমানের নির্দেশে মেহেরপুর জেলা বিএনপিতে যে স্বচ্ছ ও কর্মক্ষম কমিটি গঠিত হয়েছে, তাতে তৃণমূল নেতাকর্মীরা অত্যন্ত সন্তুষ্ট।”

তিনি আরও জানান, জেলা বিএনপি’র আহ্বায়ক জাবেদ মাসুদ মিলটনসহ আহ্বায়ক কমিটির সকল সদস্যদের নিয়ে ইতিমধ্যে দল পুনর্গঠন এবং ওয়ার্ড পর্যায়ে কমিটি গঠনের কাজ চলমান রয়েছে। অচিরেই একটি উৎসবমুখর পরিবেশে জেলা বিএনপি’র সম্মেলন আয়োজনের পরিকল্পনা রয়েছে।

সভায় উপস্থিত নেতারা স্বেচ্ছাসেবক দলের মূলনীতি “সেবা-ঐক্য-প্রগতি” কে সামনে রেখে দলের জন্য নিরলসভাবে কাজ করার আহ্বান জানান। বক্তারা বলেন, একজন নেতার দায়িত্ব শুধু নেতৃত্ব নয়, বরং সেবক হিসেবে দলের কার্যক্রম চালিয়ে যাওয়া ও জনগণের আস্থা অর্জন করাই মূল লক্ষ্য হওয়া উচিত।

মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার ১৬ই এপ্রিল বিকেল পাঁচটার সময় সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র আয়োজনে নীলমনি হলপাড়া ঈদগাহ মাঠে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ ।

সম্মেলন মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী

মিজান মেননের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, যুগ্ম আহবায়ক রাকিবুল ইসলাম সজল, যুবদল নেতা মশিউল আলম দ্বীপু, মীর জাহাঙ্গীর, যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, সুইট, জনি সহ শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলনে নতুন কমিটির সভাপতি ফজলুর রহমান সাধারণ সম্পাদক আলম নির্বাচিত হন।

মেহেরপুর সদরের পাটকেলপোতায় ৬ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলনে দুই গ্রুপের সংঘর্ষ

মেহেরপুর সদর উপজেলার পাটকেলপোতা গ্রামে ৬ নং ওয়ার্ড (পাটকেলপোতা, চাঁদপুর, পাটাপোকা, শিশির পাড়া) বিএনপি’র সম্মেলনে ওয়ার্ড কমিটি গঠন করাকে কেন্দ্র করে দুই গ্রুপের সংঘর্ষ হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন আমবাগানে এ সংঘর্ষের ঘটনা ঘটে। ওয়ার্ড কমিটিতে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করেন সামস্ ই আলম ও তাহাজ রহমান এবং সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করেন সকমান আলী ও জাফর আলী। কমিটিতে সামস্ ই আলম ও জাফর আলী এবং তাহাজ রহমান ও সকমান আলী এই দুই প্যানেলে প্রতিদ্বন্দিতা হয়।

কমিটি গঠনের শুরু থেকেই দুই গ্রুপের ভিতর পাল্টাপাল্টি অভিযোগ ওঠে উপস্থিত ভোটারদের ভিতরে আওয়ামী লীগের লোকজন আছে। এনিয়ে শুরু থেকেই উভয় গ্রুপের মধ্যে চাপা উত্তেজনা সৃষ্টি হয়। পরবর্তীতে ৬নং ওয়ার্ডের উপস্থিত ভোটারদের রেজিস্ট্রেশন শেষে বহিরাগতদের সরে যাওয়ার নির্দেশনা দেওয়া হয়।

বহিরাগতদের সরানো নিয়ে দুই গ্রুপের লোকজনদের ভিতরে শুরু হয় হাতাহাতি পরবর্তীতে রূপ ন্যায় মারামারিতে, বেঁধে যায় সংঘর্ষ। সংঘর্ষে উভয় গ্রুপের নেতাকর্মীরা আহত হয়। পরবর্তীতে কমিটি গঠন কার্যক্রম স্থগিত করা হয়।

কমিটি গঠন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি আজমুল হোসেন মিন্টু।

মেহেরপুর জেলা বিএনপির বৈশাখ বরণ শোভাযাত্রা

বাংলা নববর্ষকে স্বাগত জানিয়ে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে বর্ণাঢ্য বৈশাখী শোভাযাত্রা ও বর্ষবরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৪ এপ্রিল) সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে শোভাযাত্রাটি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে বড়বাজার চৌরাস্তা মোড়ে গিয়ে শেষ হয়।

শোভাযাত্রায় গ্রামবাংলার ঐতিহ্যবাহী সাজসজ্জা ও নানা ধরনের প্ল্যাকার্ড নিয়ে সর্বস্তরের মানুষ অংশগ্রহণ করেন। পালকি, গরুর গাড়ি, ঘোড়ার গাড়ি, জেলে, কৃষকের সাজে সজ্জিত মানুষদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। হিন্দু, মুসলিম, খ্রিস্টান ও বৌদ্ধ—সব ধর্মের মানুষের অংশগ্রহণে শোভাযাত্রায় বৈচিত্র্যের এক অনন্য দৃষ্টান্ত তৈরি হয়।

শোভাযাত্রায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাবেদ মাসুদ মিলটন, সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, আব্দুল্লাহ, আনছারুল হক, হাফিজুর রহমান হাপি, খাইরুল বাশার, রেজাউল হক, ওমর ফারুক লিটন, মীর ফারুক, রোমানা আহমেদ, আবু সালেহ

মোহাম্মদ নাসিম, গণিউল আজম, আলফাজ উদ্দীন কালু, আব্দুল আওয়াল, আখেরুজ্জামান, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আ. রহিম, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব ইলিয়াস হোসেন, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, আব্দুল লতিফ, মোশিউল আলম দ্বীপু, হাফিজুর রহমান, সৌরভ, জনি, যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, শামুয়েল হোসেন সনি সহ জেলার বিএনপির বিপুল সংখ্যক নেতাকর্মী।